

সাবমেরিন কেবলে সরবরাহ বন্ধ, ইন্টারনেট সেবা ব্যাহত

- A Monitor Desk Report

Date: 20 April, 2024



ঢাকা: কুয়াকাটায় স্থাপিত দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবলে (সিমিউই-৫) সংযোগ সরবরাহ বন্ধ হওয়ায় দেশে ইন্টারনেট সেবা ব্যাহত হচ্ছে। শুক্রবার (১৯ এপ্রিল) দিবাগত রাত ১২টার পর এ সমস্যা শুরু হয়েছে।

গ্রাহকরা ইন্টারনেট সেবায় ধীরগতির অভিযোগ করছেন বলে জানিয়েছেন ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (আইএসপিএবি) সভাপতি ইমদাদুল হক।

তিনি জানান, রাত থেকে গ্রাহকরা ফোন করে ধীরগতির ইন্টারনেটের বিষয়ে অভিযোগ করছেন। আমাদের সাবমেরিন কেবল সিমিউই-৫ এর সিঙ্গাপুর অংশে সংযোগ ব্রেক করেছে। যার প্রভাব পড়েছে আমাদের ওপর। এটি সহসাই ঠিক হবে না। হয়ত ২ থেকে ৩ দিন এমনকি আরো বেশি সময়ও লাগতে পারে।

বাংলাদেশ সাবমেরিন কেবলস-এর ব্যবস্থাপনা পরিচালক মিজা কামাল আহমেদ জানান, সিমিউই-৫ দিয়ে দেশে ১ হাজার ৬০০ জিবিপিএস ব্যান্ডউইডথ সরবরাহ হয়। এটি এখন বন্ধ আছে। আমাদের সিমিউই-৪ এ এখন কিছু ব্যান্ডউইথ ব্যাক আপ আছে। সিমিউই-৪ (প্রথম সাবমেরিন ক্যাবল) দিয়ে বিকল্প ব্যবস্থা করার চেষ্টা করছি।

তিনি জানান, সিঙ্গাপুরে ফাইবার ক্যাবল ব্রেক করায় বাংলাদেশের পাশাপাশি আরো কয়েকটি দেশে এ সমস্যা দেখা দিয়েছে। কবে নাগাদ এ অবস্থা স্বাভাবিক হবে তা জানা যাবে শনিবার (২০ এপ্রিল) বিকেলের মধ্যে।

দেশের মোট ব্যান্ডউইথ ব্যবহার এখন ৫ হাজার জিবিপিএস। দুই সাবমেরিন ক্যাবলের বাইরে প্রায় ২ হাজার ৭০০ জিবিপিএস ব্যান্ডউইথ আন্তর্জাতিক টেরেস্ট্রিয়াল কেবল (আইটিসি) মাধ্যমে স্থল সীমান্ত দিয়ে ভারত থেকে আমদানি করা হয়। ২০২৫ সালের মধ্যে তৃতীয় সাবমেরিন ক্যাবল সি-মি-উই ৬ থেকে আরো ১৩ হাজার ২০০ জিবিপিএস ব্যান্ডউইথ যুক্ত হবে।

